# নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل)

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

১। তাওহীদ, আল্লাহর উপর ঈমান এবং শরীকবিহীন একমাত্র আল্লাহর ইবাদতের দিকে দা'ওয়াত দান ( الدعوة إلى التوحيد والإيمان بالله وعبادته وحده لا شريك له)

আল্লাহ তা'আলা বলেন:

﴿وَمَا أَرْسَلْنَا مِنْ قَبْلِكَ مِنْ رَسُولٍ إِلَّا نُوحِي إِلَيْهِ أَنَّهُ لَا إِلَهَ إِلَّا أَنَا فَاعْبُدُونِ ﴾ [الأنبياء: 25]

‘আর তোমার পূর্বে এমন কোন রাসূল পাঠাইনি, যার প্রতি আমি এ অহি অবতরণ করিনি যে, ‘আমি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই; সুতরাং তোমরা আমার ইবাদত কর’ (সূরা আল-আম্বিয়া:২৫)। আল্লাহ তা'আলা আরও বলেন:

﴿قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ (1) اللَّهُ الصَّمَدُ (2) لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ (3) وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ (4) ﴾ [الإخلاص: 1 ـ 4]

‘বল, তিনিই আল্লাহ, এক-অদ্বিতীয়। (১) আল্লাহ কারো মুখাপেক্ষী নন, সকলেই তাঁর মুখাপেক্ষী। (২) তিনি কাউকে জন্ম দেননি এবং তাঁকেও জন্ম দেয়া হয়নি। (৩) আর তাঁর কোন সমকক্ষও নেই’ (সূরা আল-ইখলাছ: ১-৪)। আল্লাহ তা'আলা আরও বলেন:

﴿وَلَقَدْ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَسُولًا أَنِ اعْبُدُوا اللَّهَ وَاجْتَنِبُوا الطَّاغُوتَ﴾ [النحل: 36]

‘আর আমি অবশ্যই প্রত্যেক জাতিতে একজন রাসূল প্রেরণ করেছি এমর্মে যে, তোমরা আল্লাহর ইবাদত কর এবং পরিহার কর ত্বাগূতকে’ (সূরা আন-নাহল: ৩৬)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9342

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন